অঙ্গীভূত আনসার সদস্যদের দ্বারা বিভিন্ন সংস্থায় নিরাপত্তার দায়িত্ব পালনসহ বিভিন্ন নির্বাচন যেমন-জাতীয় সংসদ নির্বাচন, উপজেলা পরিষদ নির্বাচন, ইউনিয়ন পরিষদ নির্বাচন এবং দুর্গাপূজা ও বিভিন্ন সরকারি প্রয়োজনে আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা নিয়োজিত করা হয়। এছাড়াও বিভিন্ন প্রশিক্ষণ যেমন-বেসিক কম্পিউটার প্রশিক্ষণ, কারিগরি প্রশিক্ষণ, সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ, ভিডিপি মৌলিক প্রশিক্ষণ, সেলাই প্রশিক্ষণ, গার্মেন্টস প্রশিক্ষণ, মোটর ড্রাইভিং প্রশিক্ষণ, ফ্রিজ ও এয়ার কন্ডিশনার মেরামত প্রশিক্ষণ, ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ, সোয়েটার নিটিং প্রশিক্ষণ, উপজেলা কোম্পানি কমান্ডার প্রশিক্ষণসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়াও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় বিভিন্নভাবে আনসার ও ভিডিপি সদস্যগণ করে থাকেন।

যথাযথ কতৃপক্ষের অনুমতি সাপেক্ষে উপর্যুক্ত সেবাসমূহ প্রদান করা হয়।

উপজেলা প্রশাসনকে উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজে সহযোগিতা করে থাকে।